জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.০৬

তারিখ : ২০ মাঘ ১৪২৮ / ০৩ ফেব্রুয়ারি ২০২২

# সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : জানুয়ারি ২০২২

**০১। বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১ আয়োজন :** শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে জেলা শিল্পকলা একাডেমি সিলেট-এ প্রশিক্ষণরত শিক্ষার্থীদের অংশগ্রহণে ১১ জানুয়ারি দিনব্যাপী বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হয়। ১২ জানুয়ারি ২০২২ তারিখ শিশু ও সাধারণ বিভাগের আওতাধীন সংগীত, নৃত্য, চিত্রাংকন, আবৃত্তি, একক অভিনয় ও তবলা বাদন বিষয়ক প্রতিযোগিতায় প্রতি বিষয়ে ১ম, ২য় ও ৩য়সহ মোট ৯টি বিষয়ে সর্বমোট ২৭জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সত্যজিৎ রায় দাশ। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট মহানগর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমদ; বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট মহানগর ইউনিট কমান্ডের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা ভবতোষ রায় বর্মণ ও সিলেট প্রেসক্লাবের সভাপতি ইকবাল সিদ্দিকী। ২০২১ সালে শিল্পকলা একাডেমির সকল বিভাগের প্রশিক্ষণার্থীদের মধ্যে বর্ষসেরা প্রশিক্ষণার্থী ২০২১ পুরস্কার পেয়েছেন পল্লবী রাণী দাশ মৌ।

**০২। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আলোচনা ও বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের অংশ হিসেবে জেলা শিল্পকলা একাডেমি সিলেট কর্তৃক আয়োজন করা হয় আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। ১২ জানুয়ারি বিকেল সাড়ে ৩টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ শিল্পকলা একাডেমির মিলনায়তনে আয়োজন করা হয় সাংস্কৃতিক অনুষ্ঠানের। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সত্যজিৎ রায় দাশ। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট মহানগর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমদ; বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট মহানগর ইউনিট কমান্ডের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা ভবতোষ রায় বর্মণ ও সিলেট প্রেসক্লাবের সভাপতি ইকবাল সিদ্দিকী। আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার সঞ্চালনায় বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানে দলীয় ও একক পরিবেশনায় অংশগ্রহণ করেন জেলা শিল্পকলা একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ; একাডেমি ফর মণিপুরি কালচার এন্ড আর্টস; ছন্দনৃত্যালয়; অনির্বাণ শিল্পী সংগঠন; নৃত্যকণা একাডেমি, ফেঞ্চুগঞ্জ এবং একক পরিবেশনায় ছিলেন বাউল সূর্য্যলাল দাস; বিজন রায়; কৃষ্ণপদ বিশ্বাস; সৈয়দ সাইমুম আনজুম ইভান; তন্বী দেব; অভিবাঁধন দাস ও অর্পিতা রাণী তালুকদার।

**০৩। জেলা লোক সাংস্কৃতিক উৎসব আয়োজন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে ৬৪ জেলায় লোক সাংস্কৃতিক উৎসব আয়োজনের অংশ হিসেবে জেলা শিল্পকলা একাডেমি সিলেট কর্তৃক ২০ জানুয়ারি বিকেল সাড়ে ৩টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ শিল্পকলা একাডেমির মিলনায়তনে স্বাস্থ্যবিধি মেনে আয়োজন করা হয় জেলা লোক সাংস্কৃতিক উৎসবের। অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত। লোক সাংস্কৃতিক উৎসবের বিভিন্ন পরিবেশনায় অংশগ্রহণ করেন সিলেট জেলার বিশিষ্ট শিল্পীবৃন্দ। আবৃত্তিশিল্পী নাফিসা তানজীনের সঞ্চালনায় বাউল গান ও লোকসংগীত পরিবেশনায় ছিলেন বিশিষ্ট সংগীতশিল্পী জামালউদ্দিন হাসান বান্না; বাউল বিরহী কালা মিয়া; বাউল সূর্য্যলাল দাস; গৌতম চক্রবর্ত্তী; বাউল বিরহী লাল মিয়া; বাউল বশির উদ্দিন সরকার; বাউল কানাইলাল সরকার; বাউল মিনারা বেগম; বাউল শাহানা আক্তার; ইকবাল সাই; তন্বী দেব; সৌরভ সোহেল; বাউল শীতন বাবু; পল্লবী দাশ মৌ ও অর্ণিষা দাশ পর্ণা। দলীয় নৃত্য পরিবেশনায় ছিলেন শিল্পাঙ্গণ সিলেট; ছন্দনৃত্যালয় সিলেট; নৃত্যকণা ফেঞ্চুগঞ্জ; ললিত-মঞ্জরী সিলেট ও নৃত্যরথ সিলেট।

[চলমান পাতা - ২]

০৪। **প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ১ অক্টোবর ২০২১ থেকে সরাসরি প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে। ২০২১ সালের বার্ষিক ও কোর্স সমাপনী পরীক্ষার ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে শুরু করে ১১ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত গ্রহণ করা হয়। এছাড়াও ১৬ জানুয়ারি ২০২২ তারিখ থেকে ১৯ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ভর্তি পরীক্ষা গ্রহণের মাধ্যমে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের ২০২২ শিক্ষাবর্ষে ভর্তির কার্যক্রম চলমান রয়েছে।

০৫। **লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. ....... কপি ছবি (সফট কপি)।
২. .... পেপার কাটিং টি।

03/02/2022

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।